

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম-পরিকল্পনার ফটোকপি।

সংযুক্ত ক্রঃ নং- ২। আলোচ্য কাজের অনুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্রঃ নং-৩। মেসার্স ইব্রাহিম এন্টারপ্রাইজ এর কাগজ পত্র।

সংযুক্ত ক্রঃ নং-৪। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

Subject:- Repairing maintenance of service water pipe line at Quality Control room under SWTP.

১। সংযুক্ত ক্রঃ নং ১ হতে ৪ দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কে পিআই এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন প্রায় ২২.৫০ কোটি লিটার বিশুদ্ধ পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার এর মাননিয়ন্ত্রন ইউনিটে (ল্যাবরেটরী) অপরিশোধিত ও পরিশোধিত পানির নিয়মিত পরিষ্করণ সম্পন্ন করা হয় এবং পরিশোধিত পানি টেস্ট করে নেটওয়ার্কে সরবরাহ করা হয়। প্রত্যহ নমুনা পানি পরীক্ষা করে অ্যালুমিনিয়াম সালফেট, লাইম ও ক্লোরিন এর ডোজিং এর মাত্রা নির্ধারণ করে (র) পানি পরিশোধিত করা হয়। এছাড়াও পানি পরিশোধনের জন্য ব্যবহৃত প্রসেস (ক্লোরিন, লাইম, এলাম, পলিমার) সমূহের ডোজিং এর মাত্রা ল্যাবরেটরী থেকে নির্ধারণ করা হয়। মান নিয়ন্ত্রন ইউনিটে স্যাম্পলিং পাম্পের মাধ্যমে বিভিন্ন পয়েন্ট থেকে পাইপের মাধ্যমে বিভিন্ন স্টেশনের পানি সরবরাহ করা হয়। মাননিয়ন্ত্রন ইউনিট হইতে জানানো হয় যে, ফিল্টারে পাইপ লাইন থেকে পানি সরবরাহ করতে পারছে না। পর্যবেক্ষণ করে দেখা যায় যে, পাইপ লাইনে লিকেজের কারণে মান নিয়ন্ত্রন ইউনিটে পানি সরবরাহ করতে পারছে না। এছাড়াও "র"ওয়াটার পাম্পিং স্টেশনের টি-চেম্বারে পাশে সার্ভিসিং পানির লাইন ক্লোরিন বিল্ডিং এর ভিতরে লিকেজ হয়েছে। এই সার্ভিসিং পাইপ লাইন বিভিন্ন জায়গায় বিভিন্ন পয়েন্টে এবং মান নিয়ন্ত্রন ইউনিট এর সাথে সম্পর্কিত। তাই জরুরী ভিত্তিতে উক্ত লিকেজ বন্ধ করার প্রয়োজন হয়। উক্ত পাইপ লাইনটি সম্পূর্ণ বন্ধ থাকায় কাজ করতে সমস্যা হচ্ছে এবং পাইপ লাইনের লিকেজ মোরামত সহ অন্যান্য আনুষঙ্গিক রক্ষণাবেক্ষণ কাজ করার প্রয়োজন হয়। প্ল্যান্ট চালু হওয়ার পর থেকে পাইপ গুলি কখনো পরিবর্তন করা হয় নাই। এখানে উল্লেখ্য যে, এই পাইপ লাইনে কাজ করার সময় রাস্তা ও ড্রেন থাকায় তা বোরিং করা, মাটি কাটা ও বালি ভরাট করার প্রয়োজন হবে। এছাড়াও অপারেশন বিল্ডিং এর ভিতরে মোটিভ পাইপ লাইন লিকেজ হয় কাজটি জরুরী ভিত্তিতে করার প্রয়োজন। বিধায় উক্ত ক্রয় কাজের জন্য অনুমোদিত দরের (ক্রমিক নং-২ দ্রঃ) ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রাক্কলিত টাকার (ক্রমিক নং-৪ দ্রঃ) পরিমাণ মোট ৪,৯৪,৩৯০/- (চার লক্ষ চুরানব্বই হাজার তিনশত নব্বই টাকা মাত্র) হয়েছে।

২। উক্ত কাজটি PPR ২০২৫ এর ৯৯(১) (ড) ধারাতে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে সম্পাদন করা যেতে পারে। কাজটি চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ও এন্ড এম খাতের সিরিয়াল নং M-116, W-75 তে ধরা আছে।

৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগারের Repairing maintenance of service water pipe line at Quality Control room under SWTP. কাজটি পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ও ঢাকা ওয়াসার তালিকা ভুক্ত ঠিকাদার মেসার্স ইব্রাহিম এন্টারপ্রাইজ কাজের জন্য উপস্থাপিত মোট- ৪,৯৪,৩৯০/- (চার লক্ষ চুরানব্বই হাজার তিনশত নব্বই টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

ফাতেমা
3/6/26

ফাতেমা আক্তার
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

সৈয়দ মোঃ মাহফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

SE, WSTP/
CE (সহকারী)/DMD (ক্রমিক নং-২)

০৪ অনুমোদিত।

মিজা গোলাম কিবরিয়া
উপ-সহকারী প্রকৌশলী
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।